# ওয়াক্ফ প্রশাসকের কার্যালয়

## বার্ষিক প্রতিবেদন ২০২০-২০২১




৪ নিউ ইস্কাটন রোড, ঢাকা-১০০০।

## ১) ভূমিকা :

বাংলাদেশ ওয়াক্‌ফ প্রশাসন একটি ইসলাম ধর্মীয় অনুশাসন ভিত্তিক, সামাজিক কল্যাণকর ও সেবামূলক স্বায়ত্তশাসিত সংস্থা। ১৯৩৪ সালের বেঙ্গল ওয়াক্‌ফ এ্যাক্ট অনুসারে এ সংস্থার সৃষ্টি হয়। ওয়াক্‌ফ অধ্যাদেশ-১৯৬২ অনুযায়ী ওয়াকিফের উদ্দেশ্য বাস্তবায়নসহ ওয়াক্‌ফ এস্টেটসমূহের তদারকি, নিয়ন্ত্রণ ও সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিত করাই এ সংস্থার মূল লক্ষ্য। ফলশ্রুতিতে ওয়াক্‌ফ অধ্যাদেশ সংশোধনী আইন ২০১৩ এবং ওয়াক্‌ফ (সম্পত্তি হস্তান্তর ও উন্নয়ন) বিশেষ বিধান আইন ২০১৩ প্রনয়ন করা হয়েছে। Services Delivery দ্রুত ও কার্যকর করার লক্ষ্যে এ কার্যালয়ের Innovative কার্যক্রম গ্রহণের মাধ্যমে ডিজিটাল বাংলাদেশ হওয়ার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে এবং এ প্রচেষ্টা অব্যাহত থাকবে।

## ২) দায়িত্ব ও কার্যাবলি :

- ✓ ওয়াক্‌ফ  সম্পত্তি চিহ্নিতকরণ ও তালিকাভুক্তকরণ;
- ✓ ওয়াক্‌ফ  সম্পত্তির প্রকৃতি, পরিমাণ সংক্রান্ত তথ্য সংগ্রহ ও সংকলন;
- ✓ ওয়াক্‌ফ সম্পত্তির আয়-ব্যয় হিসাব নিরীক্ষাকরণ;
- ✓ ওয়াক্‌ফ দলিলের শর্তাবলী প্রতিপালন নিশ্চিতকরণ;
- ✓ ওয়াক্‌ফ দলিলের শর্তানুযায়ী এস্টেটসমূহের মোতাওয়াল্লী নিয়োগ ও কমিটি অনুমোদন;
- ✓ ওয়াক্‌ফ দলিলের শর্তানুযায়ী বৃত্তিভোগীদের স্বার্থ সংরক্ষণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ;
- ✓ ওয়াক্‌ফের উদ্দেশ্যে ও কল্যাণকর কার্যাদিতে সম্পত্তি ও এর আয়ের ব্যবহার নিশ্চিতকরণ;
- ✓ ওয়াকিফের নির্দেশনা মতে জনহিতকর কর্মকান্ড সম্প্রসারণসহ আধুনিকায়ন নিশ্চিতকরণ;
- ✓ ওয়াক্‌ফ সম্পত্তির সুষ্ঠু ব্যবস্থাপনার নিমিত্তে নির্দেশনা প্রদান;
- ✓ ওয়াক্‌ফ দলিলে মোতাওয়াল্লীর পারিশ্রমিকের উল্লেখ না থাকলে পারিশ্রমিক নির্ধারণ;
- ✓ ওয়াক্‌ফ সম্পত্তি অধিগ্রহণ বাবদ ক্ষতিপূরণে প্রাপ্ত অর্থ বিনিয়োগের জন্য নির্দেশ প্রদান;
- ✓ ওয়াক্‌ফ সম্পত্তির উন্নয়নে বাস্তবতা ভিত্তিক পদক্ষেপ গ্রহণ;
- ✓ মোতাওয়াল্লীর বেআইনী কার্যকলাপের জন্য তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ;
- ✓ ওয়াক্‌ফ সম্পত্তি হতে অবৈধ অনুপ্রবেশকারী উচ্ছেদ করা;
- ✓ কোন সম্পত্তি ওয়াক্‌ফ কিনা এ সম্পর্কে সিদ্ধান্ত প্রদান;
- ✓ ওয়াক্‌ফ সম্পর্কিত বিচারাধীন মামলা মোকদ্দমায় প্রতিদ্বন্দ্বিতা, পরিচালনা ও তদারকি করা, এবং
- ✓ ওয়াক্‌ফের স্বার্থ যথাযথ নিয়ন্ত্রণ, রক্ষনাবেক্ষণ ও প্রশাসনের জন্য প্রয়োজনীয় কার্য সম্পাদন।

## ৩) সাংগঠনিক কাঠামো:

১৯৮৩ সালে এনাম কমিটির সুপারিশের প্রেক্ষিতে এ সংস্থার অনুমোদিত জনবল ছিল ৭০টি । পরবর্তীতে ৫৫টি পদের অনুমোদনসহ সর্বমোট ১২৫ পদ বিশিষ্ট সাংগঠনিক কাঠামো সরকার কর্তৃক অনুমোদন করা হয়।

### বিভিন্ন সময়ে অনুমোদিত জনবলের বিবরণ

| ক্রমিক | পদের নাম | এনাম কমিটি অনুমোদিত পদ | সরকার অনুমোদিত পদ | মোট অনুমোদিত |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | কর্মকর্তা | ২ | ১২ | ১৪ |
| ২. | কর্মচারী | ৬৮ | ৪৩ | ১১১ |
| | **সর্বমোট** | **৭০** | **৫৫** | **১২৫** |

### কর্মরত ও শূন্য পদের বিবরণ

| ক্রমিক | পদের নাম | মোট অনুমোদিত | মোট কর্মরত | মোট শূন্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | কর্মকর্তা | ১৪ | ৪ | ১০ |
| ২. | কর্মচারী | ১১১ | ৮২ | ২৯ |
| | **সর্বমোট** | **১২৫** | **৮৬** | **৩৯** |

- **মোট কর্মরত জনবল : ৮৬ জন**
- **দৈনিক মজুরি ভিত্তিতে কর্মরত জনবল = ৪ জন**

## ৪) বাজেট :

### এক নজরে বাজেট ২০২০-২০২১

(লক্ষ টাকা)

| ক্রমিক নং | বিবরণ | বাজেট লক্ষ্যমাত্রা ২০২০-২০২১ | সংশোধিত বাজেট ২০২০-২০২১ | ছয় মাসের প্রকৃত আয়/ ব্যয় ২০২০-২০২১ | অনুমোদিত বাজেট ২০২০-২০২১ | প্রকৃত আয়/ ব্যয় ২০২০-২০২১ |
|---|---|---|---|---|---|---|
| **ক** | **ক. রাজস্ব** | | | | | |
| ১ | চাঁদা আদায় | ১৭০৪.৩৩ | ১৭০৪.৩৩ | ৩২০.৫০ | ১৭০৪.৩৩ | ৬৭১.১১ |
| ২ | সরকারি থোক বরাদ্দ | ৭০.০০ | ৭০.০০ | ৩৫.০০ | ৭০.০০ | ৫২.০০ |
| ৩ | অন্যান্য প্রাপ্তি | ১৭৭৪.৩৩ | ১৭৭৪.৩৩ | ৩৫৫.০০ | ১৭৭৪.৩৩ | ৭২৩.১১ |
| | **মোট রাজস্ব** | | | | | |
| **খ** | **খ. ব্যয়/খরচ** | | | | | |
| ১ | প্রধান কার্যালয় ও আঞ্চলিক কার্যালয় | ৮১৩.৩৭ | ৮১৩.৩৭ | ৩২৯.৬০ | ৮১৩.৩৭ | ৬৫৭.৭৭ |
| | **মোট খরচ** | ৮১৩.৩৭ | ৮১৩.৩৭ | ৩২৯.৬০ | ৮১৩.৩৭ | ৬৫৭.৭৭ |
| | **উদ্বৃত্ত/ ঘাটতি** | **৯৬০.৯৬** | **৯৬০.৯৬** | **২৫.৯** | **৯৬০.৯৬** | **৯১.২৪** |
| **গ** | | | | | | |
| ১ | নিজস্ব অর্থায়ন | - | - | - | - | ৩২৯.০০ |
| | **মোট উন্নয়ন বাজেট** | - | - | - | - | ৩২৯.০০ |
| ১ | রাজস্ব বাজেট | ১৭৭৪.৩৩ | ১৭৭৪.৩৩ | ৩৫৫.৫০ | ১৭৭৪.৩৩ | ৭২৩.১১ |
| ২ | উন্নয়ন বাজেট | - | - | - | - | ৭২৩.১১ |
| | **মোট বাজেট** | ১৭৭৪.৩৩ | ১৭৭৪.৩৩ | ৩৫৫.৫০ | ১৭৭৪.৩৩ | **১০৫২** |

২০১৮-২০১৯ অর্থ বছরে ওয়াক্‌ফ প্রশাসনে সরকারি অর্থ বরাদ্দ, ব্যয় ও অগ্রগতির বিবরণ :

(লক্ষ টাকায়)

| অর্থ বছর | বরাদ্দের পরিমাণ | ব্যয়ের পরিমাণ | অগ্রগতি |
|---|---|---|---|
| ২০২০-২০২১ | ৭০.০০ | ৭০.০০ | ১০০% |

## ৫) সার্বিক কর্মকান্ড ও উল্লেখযোগ্য অর্জন

### ২০২০-২০২১ অর্থবছরে সম্পাদিত বিভিন্ন কার্যাবলী

| ক্রমিক নং | কার্যক্রম | অর্জন/অগ্রগতি |
|---|---|---|
| ০১ | ওয়াক্ফ সম্পত্তি চিহ্নিত ও তালিকাভুক্তকরণ | ৬০ টি |
| ০২ | ওয়াক্ফ এস্টেটের মোতাওয়াল্লী নিয়োগ | ২৬৭ টি |
| ০৩ | ওয়াক্ফ এস্টেটের কমিটি গঠন | ১৬১ টি |
| ০৪ | ওয়াক্ফ সম্পত্তি অডিটকরণ | ১১২৯ টি |
| ০৫ | অবৈধ দখলদার জেলা প্রশাসকের মাধ্যমে উচ্ছেদ | ১৬ টি |
| ০৬ | ওয়াক্ফ সম্পত্তির রেকর্ড সংশোধন | ৩১ টি |
| ০৭ | ওয়াক্ফ (সম্পত্তি হস্তান্তর ও উন্নয়ন) বিশেষ বিধান আইন-২০১৩ এর আওতায় উন্নয়ন কার্যক্রম | - |
| ০৮ | ওয়াক্ফ এস্টেট পরিচালনা সংক্রান্ত অভিযোগ নিস্পত্তি | ১৩৯ টি |

### ওয়াক্ফ চাঁদা আদায়

| অর্থ বছর | মোট লক্ষ্যমাত্রা | মোট আদায় | আদায়ের হার |
|---|---|---|---|
| ২০২০-২০২১ | ১৭০৯৩৩১৪৪/- | ৯৬৪৩৫২৩৪/- | ৫৬.৪২/- |



## বিভিন্ন ওয়াক্‌ফ এস্টেট কর্তৃক গৃহীত বিভিন্ন কার্যক্রম ও সেবামূলক পদক্ষেপ :

- ✓ এতিম শিক্ষার্থী ও অসহায়দের সহযোগিতা প্রদান;
- ✓ দুস্থ এবং অসহায়দের চিকিৎসা সেবায় সার্বিক সহযোগিতা প্রদান;
- ✓ অসহায় এবং দুস্থদের পূর্নবাসনের সহযোগিতা প্রদান;
- ✓ অসহায় এবং দরিদ্রদের বিবাহে সার্বিক সহযোগিতা প্রদান;
- ✓ নওমুসলিমদের সহযোগিতা প্রদান;
- ✓ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক গৃহীত বিভিন্ন সময় বিভিন্ন ধরনের ধর্মীয়, সামাজিক এবং রাষ্ট্রীয় কার্যক্রমে অংশগ্রহণ;
- ✓ বিভিন্ন প্রাসঙ্গীক বিষয়ে জনসচেতনতামুলক লিফলেট বিতরন;
- ✓ প্রতি ঈদে অসহায় ও দরিদ্রদের মাঝে বস্ত্র, সেমাই, চিনি ও গোশ্‌ত বিতরন;
- ✓ সংস্থার নিয়ন্ত্রণাধীন মিরপুরস্থ হযরত শাহ্‌ আলী বাগদাদী (র:) জেনারেল হাসপাতাল বিনা মূল্যে চিকিৎসা সেবা প্রদান করছে।
- ✓ মানুষের সামনে জঙ্গিবাদ, মানুষ হত্যা, মাদক, দূর্নীতি, বাল্যবিবাহ, সুদ, ঘুষ ইত্যাদি বিষয়ে জুমার খুতবায় ধর্মীয় দৃষ্টিকোন থেকে আলোচনার মাধ্যমে সাধারন মুসল্লী এবং জনসাধারনকে এসকল ঘৃণ্য, গর্হিত কাজ থেকে দূরে থাকার আহ্বান জানানো হয়;
- ✓ হামদর্দ ল্যাবরেটরীজ (ওয়াক্‌ফ) বাংলাদেশ কর্তৃক ফ্রি মেডিকেল ক্যাম্প স্থাপনের মাধ্যমে অসহায় দুস্থ জনগোষ্ঠীকে চিকিৎসা প্রদান;
- ✓ আহম্মদ আলী পাটওয়ারী (র:) ওয়াক্‌ফ এস্টেট কর্তৃক রমজান মাসে ৩০০ (তিনশত) এতেকাফকারীদের সার্বিক ব্যবস্থাপনা কার্যক্রম পরিচালনা;
- ✓ তাছাড়া, হাজী গোলাম রসুল সওদাগর ওয়াক্‌ফ এস্টেট, চট্টগ্রাম; পাগলা মসজিদ ওয়াক্‌ফ এস্টেট, কিশোরগঞ্জসহ দেশের বড় বড় ওয়াক্‌ফ এস্টেটগুলো ধর্মীয় শিক্ষাসহ লিল্লাহ খাতে অর্থ ব্যয় করে থাকে।

## প্রচার ও প্রচারণামূলক কার্যক্রম :

- অপ্রতিরোধ্য অগ্রযাত্রায় বাংলাদেশ এগিয়ে চলছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের রূপকল্প ২০২১ এবং উন্নয়ন পরিকল্পনা ২০৩০ বাস্তবায়নের মাধ্যমে বাংলাদেশকে মধ্যম আয়ের দেশে উন্নীত করার লক্ষ্যে গৃহীত কর্মসূচির অংশ হিসেবে ওয়াক্‌ফ প্রশাসকের কার্যালয় এবং বিভিন্ন ওয়াক্‌ফ এস্টেটসমূহ দেশের ধর্মপ্রাণ মানুষের মধ্যে বিভিন্ন প্রচারণামূলক এবং সেবামূলক কার্যক্রম গ্রহণ করেছে। ওয়াক্‌ফ প্রশাসকের কার্যালয়ের প্রচারণামূলক এবং সেবামূরলক কার্যক্রমের গৃহীত কর্মপরিকল্পনা ও কার্যক্রমসমূহের বিবরণ নিম্নরূপ :



ওয়াক্‌ফ ভবনের উর্ধ্বমুখী সম্প্রসারন কার্যক্রম শুরু হয়।




অনলাইন সভা ও প্রশিক্ষণ আয়োজন

## ৬) অন্যান্য উল্লেখযোগ্য কার্যক্রম :

- ✓ "মুজিব শতবর্ষ" উদযাপন উপলক্ষে সরকার কর্তৃক প্রদত্ত নির্দেশনা অনুযায়ী বিভিন্ন কর্মসূচী গ্রহন করা হয়েছে:
- ✓ তালিকাভুক্ত ওয়াক্ফ এস্টেটসমূহের ডাটাবেইজ হালনাগাদ করা হয়েছে;
- ✓ ওয়াক্ফ প্রশাসনের নিরাপত্তা, স্বচ্ছতা এবং জবাবদীহিতা সৃষ্টির লক্ষ্যে এ ওয়াক্ফ ভবনে সিসি ক্যামেরা সংযোজন করা হয়েছে;
- ✓ বৈশ্বিক মহামারি কোভিড-১৯ পরিস্থিতি মোকাবিলায় ওয়াক্ফ প্রশাসনে আগত কর্মকর্তা/কর্মচারী এবং মোতাওয়াল্লী ও বৃত্তিভোগীদের শরীরে তাপমাত্রা ইনফারেড থার্মোমিটারের মাধ্যমে প্রতিদিন পরীক্ষা করা হয়। যাদের শরীরের তাপমাত্রা বেশী পাওয়া যায় (৯৮.৪ ডিগ্রী ফারেনহাইট এর উর্ধ্বে) তাদেরকে বাসায় থাকার পরামর্শ প্রদান করা হয়।
- ✓ কোভিড-১৯ মোকাবিলায় ওয়াক্ফ প্রশাসনের সকল কর্মকর্তা/কর্মচারীদেরকে বিনামূল্যে মাস্ক বিতরণ করা হয় একইসাথে স্যানিটাইজার বিতরণ করা হয়েছে। বিষয়গুলি চলমান প্রক্রিয়া এবং নিয়মিত মাস্ক ও স্যানিটাইজার বিতরণ করা হচ্ছে। সারাদেশ হতে ওয়াক্ফ প্রশাসনে আগত মোতাওয়াল্লী/বৃত্তিভোগীদের মধ্যেও বিনামূল্যে মাস্ক ও স্যানিটাইজার বিতরণ করা হচ্ছে।
- ✓ ওয়াক্ফ প্রশাসনের প্রধান কার্যালয়ে আগত সেবা গ্রহীতাগণ নিয়মিত হাত ধোয়ার জন্য সাধারণ Wash Room গুলোতে Wall Mounted Dispenser এর মাধ্যমে হ্যান্ডওয়াশ ব্যবহার এবং হ্যান্ড ড্রায়ার এর ব্যবস্থা করা হয়েছে।
- ✓ ওয়াক্ফ ভবনের এবং ভবনের আশেপাশে পরিষ্কার রাখার জন্য সার্বক্ষনিক পরিচ্ছন্নতাকর্মী নিয়োগ করে পরিষ্কার পরিচ্ছন্ন রাখা হয়। ভবনের বাথরুম প্রতিদিন জীবানুনাশক দ্বারা পরিষ্কার রাখা হয়। প্রতিটি করিডোর নিয়মিত পরিচ্ছন্ন রাখা হয় এবং সৌন্দর্য বর্ধন হিসেবে চারা গাছ লাগানো হয়েছে। সকলকে নিজ নিজ কক্ষে প্রবেশের পর পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য প্রয়োজনীয় নির্দেশনা দেয়া হয়েছে।

## ওয়াক্ফ প্রশাসন ডিজিটাইজেশন

- ✓ ১৬৩৫৩ টি তালিকাভুক্ত ওয়াক্ফ এস্টেটের ডাটাবেইজ হালনাগাদ করা হয়েছে;
- ✓ ওয়াক্ফ প্রশসানের ওয়েবপেইজের সাথে প্রস্তুতকৃত ডাটাবেইজের লিংক স্থাপন;
- ✓ প্রধান কার্যালয়ে স্বল্পপরিসরে ই-নথি ব্যবস্থাপনা চালু করা;
- ✓ ২০১৯ সাল হতে ডিজিটাল হাজিরার প্রবর্তন;
- ✓ নিরাপত্তা ও মনিটিরিং এর জন্য প্রধান কার্যালয়ে সিসি ক্যামেরা স্থাপন।

## তালিকাভুক্ত ওয়াক্ফ এস্টেট সমূহের ডাটাবেইজ




**ওয়াক্ফ এস্টেট অনুসন্ধান**




**অভ্যন্তরীণ ব্যবহারকারীদের লগইন**




**ডাটাবেইজ এর ড্যাশবোর্ড**




**ডাটাবেইজ এর রিপোর্ট সেন্টার**

## ৭) ভবিষ্যৎ কর্ম-পরিকল্পনা :

- জরিপের মাধমে চিহ্নিত ওয়াক্‌ফ সম্পত্তিসমূহ তালিকাভূক্তকরণের জন্য কর্মসূচি গ্রহণ;
- LED Panel এর মাধ্যমে সরকারের উন্নয়ন কর্মকান্ড সচিত্র প্রদর্শন;
- নতুন সাংগঠনিক কাঠামো অনুমোদন;
- শূন্য পদসমূহ পূরণ;
- জেলা পর্যায়ে ওয়াক্‌ফ প্রশসানের নিজস্ব ভবন স্থাপন;

-------□-------